# 2021

# BENGALI

## (Modern Indian Language)

**Full Marks – 100**

**Pass Marks – 33**

**Time – 3 Hours**

*All questions are compulsory.*

*Marks are indicated against each question.*

## UNIT-I (PROSE AND DRAMA)

### 'ক' গুচ্ছ : গদ্যাংশ ও নাটক

(১ ও ২ নম্বর প্রশ্নের ক, খ, গ-এই তিনটি করে উত্তর দেওয়া আছে। শুদ্ধ উত্তরটি লেখ।)

১। 'ঐ গ্রামে, মঙ্গলবারে ও শনিবারে, মধ্যাহ্ন সময়ে, হাট বসিয়া থাকে।'-হাট বসত- ১

(ক) বীরসিংহ গ্রামে

(খ) কোমরগঞ্জ গ্রামে

(গ) কোটরী গ্রামে

২। 'আজ পনেরো দিন ধরে ছেলেটা টাইফয়েডে ভুগছে।'-টাইফয়েড রোগে ভুগছিল- ১

(ক) সর্বদমনের ছেলে

(খ) গোবিন্দের ছেলে

(গ) গণপতি কাঞ্জিলালের ছেলে

৩। ফিনল্যান্ডের যে গল্পে লেখক নোবেল পুরস্কার পেয়েছিলেন, তাঁর নাম কী? ১

৪। 'পিতৃমাতৃহীন দুইটি ভ্রাতুষ্পুত্র তাঁহার গৃহে মানুষ হইত।'-জয়কালী দেবীর দুই ভ্রাতুষ্পুত্রের নাম কী ছিল? ২

৫। আন্তিলিও গান্তির বয়স কত ছিল? কোন বংশে তার জন্ম হয়েছিল? ২

৬। 'কোনো দূর দেশের খুব কাছে যাওয়ার ভালো একটা উপায় আছে।'-লেখকের মতে সেই উপায়টি কী? ২

৭। 'সভ্যরা সবাই মিলে নাটক লিখেছি।'-কোন সংস্থার সভ্যরা নাটকটি লিখেছিল? নাটকটির নাম কী? ২

৮। বিদ্যাসাগরের পিতা জোড়াসাঁকো নিবাসী রামসুন্দর মল্লিকের দোকানে কী কাজ করতেন ও কত টাকা বেতন পেতেন? ৩

৯। 'সুইডেন থেকে ষ্টীমারে মজার ব্যবস্থা-বাজনা বাজছে, নিশান উড়ছে। আর খাবার ঘরে হাজার রকমের খাবার সাজানো।'-লেখকের অনুসরণে ষ্টীমারের খাবার ঘরের বিবরণ লেখ। ৪

১০। 'সাজঘর' নাটকের গণপতি কাঞ্জিলাল চরিত্রটি আলোচনা কর। ৪

১১। 'অনধিকার প্রবেশ' গল্পের জয়কালী দেবীর চরিত্র বিশ্লেষণ কর। ৮

অথবা

'সাজঘর' নাটকের নামকরণের সার্থকতা বিচার কর।

## UNIT-II (POETRY)

### 'খ' গুচ্ছ : (পদ্যাংশ)

(১২ ও ১৩ নম্বর প্রশ্নের ক, খ, গ-এই তিনটি করে উত্তর দেওয়া আছে। শুদ্ধ উত্তরটি লেখ।)

১২। 'বাল্যলীলা' পদটির রচয়িতা- ১

(ক) যাদবেন্দ্র

(খ) গোবিন্দদাস

(গ) জ্ঞানদাস

১৩। 'আত্মবিলাপ' বাংলা কাব্যসাহিত্যে এক সার্থকনামা- ১

(ক) শোক কবিতা

(খ) গীতি কবিতা

(গ) চতুর্দশপদী কবিতা

১৪। 'বাধা পানই হাতে থুইও'-'পানই' শব্দের অর্থ কী? ১

১৫। 'ধরায় দেবতা চাহি' কবিতায় কবি কোথায় নররূপী দেবতার প্রতিষ্ঠা কামনা করেছেন? ১

১৬। 'নিকটে রাখিহ ধেনু      পুরিহ মোহন বেণু
ঘরে বসি আমি যেন শুনি।'-

কে কাকে এই কথাগুলো বলেছেন? ২

১৭। 'জীবন-প্রবাহ বহি' কালসিন্ধু পানে ধায়'-পংক্তিটি কোন কবিতার অন্তর্গত? 'জীবন-প্রবাহ' কথার মাধ্যমে জীবনকে কিসের সঙ্গে তুলনা করা হয়েছে? ২

১৮। 'নিরাতঙ্ক করি সাধু সজ্জনে, ফিরিয়া আসিত অপরাহত'।

-কারা কিভাবে সাধু সজ্জনদের আতঙ্ক দুর করতেন? ২

১৯। টীকা লেখ ঃ মরীচিকা ৩

২০। 'নারিলি হরিতে মণি, দংশিল কেবল ফণী,

এ বিষম বিষজ্বালা ভুলিবি, মন, কেমনে?'

-ব্যাখ্যা কর। ৪

২১। 'বাল্যলীলা' কবিতা অনুসরণে যশোদার মাতৃহৃদয়ের পরিচয় দাও। ৮

## UNIT-III (READING)

### 'গ' গুচ্ছ : (পঠন)

২২। নিম্নোক্ত রচনাংশটির সারসংক্ষেপ কর। ৩

একদিন মানুষ ছিল বুনো, ঘোড়াও ছিল বনের জন্তু। মানুষ ছুটতে পারত না, ঘোড়া বাতাসের মতো ছুটত। কী সুন্দর তার ভঙ্গী, কী অবাধ তার স্বাধীনতা। মানুষ চেয়ে দেখত আর তার ঈর্ষা হত। সে ভাবত, এরকম বিদ্যুৎগামী চারটি পা যদি আমার থাকত, তা হলে দূরকে দূর বলে মানতাম না, দিগন্ত জয় করে আসতাম। ঘোড়ার সর্বাঙ্গে যে ছুটবার আনন্দ দ্রুততালে নৃত্য করত, সেটির প্রতি মানুষের লোভ হত।

কিন্তু মানুষ শুধু লোভ করে থাকার পাত্র নয়-কী করলে ঘোড়ার চারটি পা মানুষ পেতে পারে- একথা ভাবতে লাগল। একদিন সে ফাঁস লাগিয়ে বনের ঘোড়াকে ধরল। তার পিঠের উপর চড়ে বসে নিজের দেহের সঙ্গে ঘোড়ার চার পা জুড়ে নিল। এই চারটি পা-কে নিজের বশে আনতে তার বহুদিন লেগেছে। অনেক পড়েছে, অনেক মরেছে, কিন্তু কিছুতেই দমেনি। ঘোড়ার গতিবেগকে নিজের করে নেবে-এই তার পণ। মানুষেরই জিত হল। মন্দগামী মানুষ দ্রুতগমনকে পোষ মানিয়ে নিজের কাজে ব্যবহার করতে লাগল।

২৩। নিম্নোক্ত রচনাংশটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখ ঃ

বাংলা ভাষায় সংস্কৃত মহাভারতের আদি অনুবাদক হিসাবে গৌরবের অধিকারী কবীন্দ্র পরমেশ্বর। এই গ্রন্থ রচনার সময়ে বাংলার শাসনকর্তা ছিলেন স্বনামখ্যাত হোসেন শাহ।

হোসেন শাহের প্রধান সেনাপতি পরাগল খাঁ চট্টগ্রাম অভিযানে প্রেরিত হন। তিনি চট্টগ্রামকে হোসেন শাহের রাজ্যের অন্তর্ভুক্ত করে সেখানকার শাসনকর্তা নিযুক্ত হন। চট্টগ্রাম অঞ্চলে শান্তি-শৃঙ্খলা সুপ্রতিষ্ঠিত হলে তিনি অন্যান্য কার্যে মনোনিবেশ করেন। তিনি হোসেন শাহের মতো বিদ্যোৎসাহী ছিলেন। পরাগল খাঁর সভাকবি ছিলেন কবীন্দ্র পরমেশ্বর। কবীন্দ্র হচ্ছে পরমেশ্বরের উপাধি। পরাগল খাঁ তাঁকে এই উপাধি প্রদান করেন। পরাগল খাঁর নির্দেশেই পরমেশ্বর মহাভারতের অনুবাদ করেন। অনুমান করা যেতে পারে যে মহাভারতে যুদ্ধবিগ্রহ, সৈনাপত্যকৌশল ও মানবিক ঘাত-প্রতিঘাত তুর্কী শাসককে আকৃষ্ট করেছিল।

পরাগল খাঁ লোকমুখে মহাভারতের নানা কাহিনী শুনেছিলেন। তাই মহাভারতের আনুপূর্বিক ঘটনা শোনার জন্য সংক্ষেপে মহাভারত অনুবাদ করার জন্য পরমেশ্বরকে নির্দেশ দেন।

পরাগল খাঁর নির্দেশে মহাভারত রচিত হয়েছিল বলে পরমেশ্বরের অনুবাদ 'পরাগলী মহাভারত' নামে পরিচিত। গ্রন্থটির প্রকৃত নাম 'পাণ্ডব বিজয়'।

সমালোচকদের মতে পরমেশ্বর হোসেন শাহের সিংহাসন লাভের সময় থেকে তাঁর পুত্র নুসরৎ শাহের রাজত্বকালের মধ্যে অনুবাদ কর্মটি সম্পন্ন করেন। সুতরাং বলা যেতে পারে ষোড়শ শতকের প্রথম দিকে তাঁর রচনা সমাপ্ত হয়।

পরমেশ্বরের রচনাকর্মটি মহাভারতের অতি সংক্ষিপ্ত অনুবাদ। সুতরাং এই কাব্যে শিল্পগুণের অভাব রয়েছে। তবে ঐতিহাসিক দিক থেকে কাব্যটির গুরুত্ব অনস্বীকার্য। কারণ তাঁর রচনা মহাভারত অনুবাদের দিগ্‌দর্শণী। সুদূর চট্টগ্রাম অঞ্চলে বসে এই অনুবাদ করতে গিয়ে পরমেশ্বর পূর্বসূরীদের কোন আদর্শ পাননি। নিজ ক্ষমতায় তিনি ভাষাপথ তৈরি করেছিলেন।

(ক) কবীন্দ্র পরমেশ্বর মহাভারত অনুবাদ করার সময় বাংলার শাসনকর্তা কে ছিলেন? ১

(খ) পরাগল খাঁর সভাকবির নাম কী ছিল? ১

(গ) কবীন্দ্র পরমেশ্বর অনূদিত মহাভারতটি কী নামে পরিচিত? গ্রন্থটির প্রকৃত নাম কী? ২

(ঘ) সমালোচকদের মতে কবীন্দ্র পরমেশ্বর কোন সময়কালে মহাভারত অনুবাদ সম্পন্ন করেন? ২

(ঙ) কবীন্দ্র পরমেশ্বর কোন অঞ্চলে বসে মহাভারত অনুবাদ করেছিলেন? ১

## UNIT-IV (WRITING)

### 'ঘ' গুচ্ছ : (লিখন)

২৪। সেলফি তোলা যুব সমাজে খুবই জনপ্রিয়। সেলফি তুলতে গিয়ে নানা দুর্ঘটনা ঘটছে। সেলফি তোলার সময় কী ধরনের সতর্কতা অবলম্বন করা উচিত-এ সম্পর্কে যুব প্রজন্মকে অবহিত করার লক্ষ্যে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা কর। নিম্নোক্ত তিনটি বিষয় অবলম্বনে প্রতিবেদনটি রচিত হবে।

(ক) সেলফি কী? কবে থেকে সেলফি তোলার প্রবণতা শুরু হয়েছে? ৩

(খ) সেলফি তুলতে গিয়ে কী ধরনের দুর্ঘটনা ঘটছে? ৩

(গ) সেলফি তোলার সময় কী ধরনের সতর্কতা অবলম্বন করা প্রয়োজন। ৩

২৫। স্বাস্থ্যচর্চার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করে তোমার ছোটভাইয়ের কাছে একটি চিঠি লেখ। (চিঠিতে নিজের নামের জায়গায় লিখবে-ক। ঠিকানা লেখার প্রয়োজন নেই) ৬

২৬। নিম্নোক্ত যে কোনো একটি বিষয় অবলম্বনে ২৫০ শব্দের মধ্যে একটি প্রবন্ধ রচনা কর। ১০

(ক) মণিপুরের প্রাকৃতিক সৌন্দর্য

(খ) তোমার প্রিয় গ্রন্থ

(গ) পরিবেশ সুরক্ষার প্রয়োজনীয়তা

## UNIT-V (FUNCTIONAL GRAMMAR)

### 'ঙ' গুচ্ছ : (ব্যবহারিক ব্যাকরণ)

২৭। স্বরসন্ধির সূত্র অনুযায়ী অ-কার কিংবা আ-কারের ই বা ঈ থাকলে উভয়ে মিলে কী হয়? উদাহরণ সহ লেখ। ২

২৮। ব্যঞ্জন সন্ধি কাকে বলে? উদাহরণ সহ লেখ। ২

২৯। পদ পরিবর্তন কর ঃ

সংসার (বিশেষ্য থেকে বিশেষণ)। ১

বোকা (বিশেষণ থেকে বিশেষ্য)। ১

৩০। বিপরীতার্থক শব্দ লেখ ঃ ১+১=২

অগ্রজ, হ্রাস

৩১। নিম্নোক্ত বাগ্‌ধারা দু'টি বাক্যে প্রয়োগ কর। ১+১=২

জিলিপির প্যাঁচ, লঙ্কাকাণ্ড

---